দৈনিক ইত্তেফাক



তারিখ 05 DEC 1988
পৃষ্ঠা 3 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা



দৌলতখান (ভোলা) : ভোলা সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের শ্রেণী কক্ষে গরু দিয়া ধান মাড়াই করা হইতেছে —ইত্তেফাক

# খেলার মাঠে ধান চাষ ॥ শ্রেণীকক্ষে ধান মাড়াই

দৌলতখান (ভোলা), ৩রা ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)— ভোলা সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের খেলার মাঠে ধানের চাষ হয় এবং বিদ্যালয় ভবনের শ্রেণী কক্ষে গরু দিয়া ধান মাড়াই করা হয়। গত কয়েক বছর যাবৎ স্কুলের খেলার মাঠের বিরাট অংশ জুড়িয়া ধানের চাষ হইতেছে। অপরদিকে স্কুল ভবনের সম্প্রসারিত অংশের একটি শ্রেণীকক্ষের পাকা মেঝে খুড়িয়া খুঁটি বসাইয়া ৫টি গরু দিয়া প্রতিদিন ধান মাড়াই করা হইতেছে। উক্ত কক্ষে পূর্বে ছাত্রদের

(৯ম পৃঃ দ্রঃ)

## খেলার মাঠে ধানের চাষ

(৩য় পৃঃ পর)

ক্লাশ হইত, ধান মাড়াই কক্ষের পার্শ্বেই ৪/৫টি শ্রেণীকক্ষে ছাত্ররা ক্লাস করিতেছে। এব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক জানান, সরকারের সবুজ বিপ্লবের ডাকে সাড়া দিয়া তিনি খেলার মাঠের কিছু অংশে ধান চাষ করিতেছেন। এখন সরিষা বুনিবেন। অপরদিকে ঐ শ্রেণী কক্ষটিকে তিনি বর্তমানে 'দপ্তরীর থাকার যায়গা' বলিয়া উলেখ করিয়া বলেন, সেখানে ধান মাড়াইয়ের কাজ করিতে বাধা কোথায়?